

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৮৭

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ১২২. আল্লাহর বাণীঃ আরও আছে কি?

باب قَوْلِهِ تَعَالَى هَلْ مِنْ مَزِيدٍ

আরবী

أَخْبَرَنَا حَجَّاجُ بْنُ مِنْهَالٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ عَمَّارِ بْنِ أَبِي عَمَّارٍ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ يُلْقَى فِي النَّارِ أَهْلُهَا وَتَقُولُ هَلْ مِنْ مَزِيدٍ هَلْ مِنْ مَزِيدٍ ثَلَاثًا حَتَّى يَأْتِيَهَا رَبُّهَا فَيَضَعُ قَدَمَهُ عَلَيْهَا فَتُزَوَّى وَتَقُولُ قَطُّ قَطُّ قَطُّ

বাংলা

২৮৮৭. আবু হুরাইরাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যখন জাহান্নামের অধিবাসীদের তাতে নিক্ষেপ করা হবে, তখন জাহান্নাম বলবে, আরো আছে কি? আরো আছে কি? একথা তিনবার বলবে। তখন এর রব আল্লাহ তা’আলা নিজ পা তাতে রাখবেন। তখন জাহান্নাম গুটিয়ে গিয়ে বলবে, আর নয়, আর নয়, আর নয়।”[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, তাফসীর ৪৮৪৯, ৪৮৫০; মুসলিম, জামাত ২৮৪৬।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৭৪৪৭, ৭৪৭৬, ৭৪৭৭ তে।

আর এর শাহিদ হাদীস যেটি বুখারী ও মুসলিম সম্মিলিতভাবে বর্ণনা করেছেন, আমরা যার তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৩১৪০ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83172>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন